দৈনিক সংবাদ

তারিখ ... NOV. 03 1999
পৃষ্ঠা ৭২ কলাম ৫

৪৪

বিএম কলেজ

# 'পরীক্ষা পেছাতে হবে' 'পরীক্ষা পেছানো চলবে না'

বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক ঃ অনার্স পার্ট-৩-এর পরীক্ষার সময়সূচি পেছানো ও বর্তমান সময়সূচি অনুযায়ী পরীক্ষার দাবিতে মঙ্গলবার বিএম কলেজে মিছিল হয়েছে। উভয়পক্ষই স্মারকলিপি দিয়েছে।

প্রথমে পরীক্ষা পেছানোর দাবিদাররা কলেজ চত্বরে মিছিল ও অধ্যক্ষের কাছে স্মারকলিপি দেয়। এরা মিছিলে 'রোজা আর পরীক্ষা এক সঙ্গে চলে না' বলে শ্লোগান দেয়। মিছিলকারীরা সড়ক অবরোধ করে। এ সময় কয়েকটি পটকা ফাটানো ও গাড়ি ভাঙচুর করা হয়। তারা জেলা প্রশাসকের কাছেও স্মারকলিপি দেয়।

পরে বর্তমান সময়সূচি অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠানের সমর্থনে একটি মিছিল কলেজ চত্বর প্রদক্ষিণশেষে অধ্যক্ষের কাছে স্মারকলিপি দেয়।